



কারিগরি শিক্ষায় ১৮ হাজার কোটি টাকার বরাদ্দ: শিক্ষামন্ত্রী



শিক্ষামন্ত্রী এহসানুল হক মিলন। ছবি: সংগৃহীত

চলতি অর্থবছরে কারিগরি শিক্ষাখাতে ১৮ হাজার কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন। মানবসম্পদ উন্নয়নে সরকারের অগ্রাধিকারের জায়গায় কারিগরি শিক্ষাকে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে বলেও তিনি জানান।

বুধবার (১৭ জুন) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ডিনস অ্যাওয়ার্ড অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ তথ্য তুলে ধরেন।

শিক্ষামন্ত্রী বলেন, আগামী বাজেটে শিক্ষাখাতে জিডিপি'র ৩ দশমিক ৫ শতাংশ বরাদ্দ নিশ্চিত করার চেষ্টা চলছে। তার মতে, দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে শিক্ষক, অভিভাবক ও সমাজের সব স্তরের মানুষকে একসঙ্গে কাজ করতে হবে। শুধু ভালো ফল নয়, শিক্ষার্থীদের মধ্যে নৈতিকতা, মূল্যবোধ ও সংস্কৃতিচর্চার বিকাশও জরুরি বলে তিনি মন্তব্য করেন। এ লক্ষ্যেই পাঠ্যক্রম ও সিলেবাস আধুনিকায়নের কাজ চলছে।

বরাদ্দ প্রসঙ্গে অতীত সরকারের ভূমিকার কথা তুলে ধরে তিনি বলেন, বিভিন্ন সময়ে শিক্ষাখাতে উন্নয়নের ধারা চলমান ছিল। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সময় শিক্ষায় একাধিক উদ্যোগ নেওয়া হয়েছিল, যার মধ্যে উপবৃত্তি কর্মসূচিও ছিল। সেই সময় শিক্ষা কার্যক্রমে ইতিবাচক পরিবর্তন এসেছে বলে তিনি উল্লেখ করেন।

অনুষ্ঠানে তিনি আরও বলেন, শিক্ষা খাতে টেকসই উন্নয়ন নিশ্চিত করতে দীর্ঘমেয়াদি পরিকল্পনা এবং ধারাবাহিক নীতির প্রয়োজন রয়েছে।